# প্রশ্নফাঁসের গুজব ছড়ালে কঠোর ব্যবস্থা

**অনলাইন ডেস্ক**

প্রকাশ: ০৬ জুলাই, ২০২৬ ১৩:২৬



সংগৃহীত ছবি

চলমান এইচএসসি ও সমমান পরীক্ষায় প্রশ্নফাঁসের গুজব ছড়ালে অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন ঢাকা জেলা প্রশাসক ফরিদা খানম।

সোমবার সিদ্ধেশ্বরী গার্লস কলেজে পরীক্ষার কেন্দ্র পরিদর্শন শেষে তিনি এ হুঁশিয়ারি দেন।

**আরো পড়ুন**



প্রধানমন্ত্রীর সঙ্গে আইএপিবি-এর প্রধান নির্বাহীর সৌজন্য সাক্ষাৎ

তিনি বলেন, সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোনো মাধ্যমে প্রশ্ন ফাঁসের গুজব ছড়িয়ে বিভ্রান্তি সৃষ্টি করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। এ ধরনের তথ্য যাচাই-বাছাই ছাড়া প্রকাশ না করার আহ্বান জানান তিনি।

এ ছাড়া  নির্বিঘ্নে পরীক্ষা কার্যক্রম সম্পন্ন করতে অভিভাবক, শিক্ষক ও সংশ্লিষ্ট সবাইকে পরীক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে সহযোগিতা কামনা করেন তিনি।

এর আগে, তিনি পরীক্ষাকেন্দ্রের সার্বিক পরিবেশ, নিরাপত্তাব্যবস্থা এবং পরীক্ষা পরিচালনার কার্যক্রম ঘুরে দেখেন।